

শ্রীশ্রীহরি সঙ্গীত

জুরে তনু জুর, শুষ্ক ওষ্ঠাধার,

নিরস রসনা পিপাসায় প্রাণ যায় ॥

৪। তৃষ্ণা তন্দ্রা নিদ্রা মোহ কম্পকায়,

শ্বেদ অশ্রু পুলক বিকারে প্রাণ যায় ॥

হেন নাহি বন্ধু, হরি কৃপাসিদ্ধু,

এক বিন্দু বারি এনে দেয় আমায় ॥

৫। বলে মহানন্দ হরি প্রেম সিদ্ধু,

অশ্বিনী তোর ভাগ্যে ঘটল না এক বিন্দু ॥

গুরুচাঁদের পদ কররে সম্পদ,

তবে পাবি সে ধনর শ্রীগুরুর কৃপায় ॥

১৩০ নং তাল-যৎ

হরিনামে পাপ খণ্ডে, কহে কোন ভক্ত ॥

হরি ভক্তি এমনি শক্ত, চায় না বিধাতার ব্রহ্মাণ্ড ॥

১। হ-কার উচ্চারণ মাত্র, অষ্টাদশ সিদ্ধ হয় প্রাপ্ত ॥

ভুক্তি মুক্তি দূরীভূত লুক্কাইত কর্মকাণ্ড ॥

২। রি-কার উচ্চারণ হলে, অনর্পিত প্রেম ফলে ॥

মোক্ষ ফল সে ফেলায় ঠেলে, ধর্ম তার কাছে হয় দণ্ড ॥

৩। হরিভক্তি সিংহ শাবক, অগুরে অনুরাগ পাবক ॥

নরের আর থাকে না নরক, স্মরণ নিলে তিলেক দণ্ড ॥

৪। গঙ্গামানে পাপ হ'ত, গঙ্গাকে করে পবিত্র ॥

পরশ মাত্র হরিভক্তি, সাধু হয় যত পাষণ্ড ॥

৫। গোঁসাই তারকচাঁদের বাণী, শ্রবণ মাত্র হরিধ্বনি ॥

প্রাপ্ত হয় প্রেম আহ্লাদিনী, অবিশ্বাসী অশ্বিনী গুণ্ড ॥

* প্রত্যহ শ্রীশ্রীহরিলীলামৃত পাঠ করুন